রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৬, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**( শুল্ক ও মূল্য সংযোজন কর )**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ মাঘ ১৪১৭ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২০-আইন/২০১১/২৩২৭/শুল্ক।**—Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, Customs Act, 1969 এর FIRST SCHEDULE ভুক্ত Heading No. 27.10 এর আওতাভুক্ত H.S. Code 2710.19.11 এর বিপরীতে উল্লিখিত Furnace Oil এর উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক এবং মূল্য সংযোজন কর হইতে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

**<u>শর্ত</u>**

(ক) শুধুমাত্র সরকারি বা বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (রেন্টাল, কুইক রেন্টাল ও পিকিং পাওয়ার প্লান্টসহ), সরকারি বা বেসরকারি শিল্প কারখানায় স্থাপিত বয়লার ও শিল্পে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতিতে এবং ক্যাপটিভ বিদ্যুৎ প্লান্ট এ বিদ্যুৎ উৎপাদনে ব্যবহারের জন্য আমদানিকৃত ফার্নেস অয়েলের জন্য এই মওকুফ সুবিধা প্রযোজ্য হইবে;

(খ) সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান নিজে উক্ত ফার্নেস অয়েল আমদানি করিতে পারিবে এবং প্রয়োজনে সম্পাদিত চুক্তির ভিত্তিতে বাণিজ্যিক আমদানিকারকের মাধ্যমেও উহা আমদানি করিতে পারিবে;



মূল্য ঃ টাকা ২.০০

(গ) আমদানিকৃত ফার্নেস অয়েল বিদ্যুৎ উৎপাদনের কাজে ব্যবহৃত হইবে মর্মে সরকারি বা বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগের অন্যূন যুগ্ম-সচিব বা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য কর্তৃক স্বাক্ষরিত এবং সরকারি বা বেসরকারি শিল্প কারখানায় স্থাপিত বয়লার ও শিল্পে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতিতে এবং ক্যাপটিভ বিদ্যুৎ প্লান্টের ক্ষেত্রে পেট্রোবাংলার পরিচালক কর্তৃক স্বাক্ষরিত চালান ভিত্তিক প্রত্যয়ন পত্র শুল্কায়নকালে কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে;

(ঘ) আমদানিকৃত ফার্নেস অয়েল বিদ্যুৎ উৎপাদনের কাজে ব্যবহার করা হইবে মর্মে আমদানিকারক একটি অঙ্গীকারনামা শুল্কায়নকালে কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে;

(ঙ) পণ্য বিদ্যুৎ উৎপাদন কার্যে ব্যবহৃত হওয়ার পর তাহার প্রমাণ দাখিলের ভিত্তিতে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন উক্ত অঙ্গীকারনামা ফেরত প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হুসেইন আহমেদ**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd